জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

ফোন ঃ ৮৮-০২-৯২৯১০১৬
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯২৯১০৩৭

সূত্র নং-০১(৩১৫)জাতীঃবিঃ/প্রশাঃ/৯৪/১/১৯৭২

তারিখ: ১৬/০২/২০১৮

আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮ সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের অধ্যক্ষগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮ অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী প্রতিযোগী বাছাই পর্বে অংশ গ্রহণ করতে পারবে।

(ক) উপজেলা পর্যায়ে ঃ ২২/০২/২০১৮ থেকে ২৮/০২/২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(খ) জেলা পর্যায়ে ঃ ০২/০৩/২০১৮ থেকে ০৮/০৩/২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(গ) বিভাগীয় পর্যায়ে ঃ ১৩/০৩/২০১৮ থেকে ১৭/০৩/২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(ঘ) ঢাকায় চূড়ান্ত রাউন্ড ঃ ২৪/০৩/২০১৮ তারিখ চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
(ঙ) পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান ঃ যথাসময়ে জানানো হবে।

প্রতিযোগিতার ফলাফলের তালিকা প্রেরণের নমুনা ছকঃ

ক্রমিক নং	প্রতিযোগীর নাম	বিষয়/বিভাগ	ক্লাস রোল নং	শিক্ষাবর্ষ	রেজিস্ট্রেশন নং	ইভেন্টের নাম	ফলাফল	ছবি স্ট্যাম্প সাইজ	প্রতিযোগীর মোবাইল নম্বর	

বিশেষ দ্রষ্টব্যঃ ইভেন্টওয়ারী আলাদা তালিকা প্রস্তুত করতে হবে।

প্রতিযোগিতার বিস্তারিত কর্মসূচী নিম্নে দেয়া হলো ঃ

১। আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮ এ মোট ৮টি ইভেন্ট থাকবে। এগুলো হচ্ছে- ক) রবীন্দ্র সঙ্গীত, খ) নজরুল সঙ্গীত, গ) দেশাত্মবোধক গান, ঘ) লোকগীতি, ঙ) বাংলা কবিতা আবৃত্তি, চ) একক বা দ্বৈত অভিনয়, ছ) নৃত্য (একক) এবং জ) নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতা।

২। উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক অধিভুক্ত কলেজসমূহ নিজ ব্যয়ে ও নিজ উদ্যোগে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করবে। উপজেলা পর্যায়ে প্রতিটি অধিভুক্ত কলেজ থেকে ইভেন্টওয়ারী প্রতিযোগীদের ১ম স্থান অধিকারীদের নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই নিজ উদ্যোগে ও নিজ ব্যয়ে সংশ্লিষ্ট জেলার নির্ধারিত কলেজ কেন্দ্রের অধ্যক্ষ বরাবর প্রেরণ করবেন। এর একটি অনুলিপি সেদিনই ডাকযোগে/ বাহক মারফত/ e-mail: registrar_nu92@yahoo.com এর মাধ্যমে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এই ঠিকানায় প্রেরণ করবেন। দেশের নিম্নবর্ণিত ৬৪টি কলেজে জেলা পর্যায়ের আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮ অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রতিযোগীদের ১ম স্থান অধিকারীদের নামের তালিকা প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই নিজ উদ্যোগে ও নিজ ব্যয়ে সংশ্লিষ্ট বিভাগের নির্ধারিত কলেজ কেন্দ্রের অধ্যক্ষ বরাবর প্রেরণ করবেন। এর একটি অনুলিপি সেদিনই ডাকযোগে/বাহক মারফত/e-mail: registrar_nu92@yahoo.com এর মাধ্যমে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এই ঠিকানায় প্রেরণ করবেন।

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	যে সব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে
১.	ময়মনসিংহ	ময়মনসিংহ	মুমিনুন্নেসা সরকারি মহিলা কলেজ
২.		নেত্রকোনা	নেত্রকোনা সরকারি কলেজ
৩.		শেরপুর	শেরপুর সরকারি কলেজ
৪.		জামালপুর	সরকারি আশেক মাহমুদ কলেজ
৫.	ঢাকা	কিশোরগঞ্জ	সরকারি গুরুদয়াল কলেজ
৬.		গোপালগঞ্জ	সরকারি বঙ্গবন্ধু কলেজ
৭.		মাদারীপুর	মাদারীপুর সরকারি সুফিয়া মহিলা কলেজ

৮.		শরীয়তপুর	শরীয়তপুর সরকারি কলেজ
৯.		রাজবাড়ী	রাজবাড়ী সরকারি কলেজ
১০.		ফরিদপুর	সরকারি রাজেন্দ্র কলেজ
১১.		টাঙ্গাইল	সরকারি সা'দত কলেজ, করটিয়া
১২.		নরসিংদী	নরসিংদী সরকারি কলেজ
১৩.		মুন্সীগঞ্জ	সরকারি হরগঙ্গা কলেজ
১৪.		মানিকগঞ্জ	সরকারি দেবেন্দ্র কলেজ
১৫.		ঢাকা	সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, নিউ বেইলি রোড, ঢাকা
১৬.		নারায়ণগঞ্জ	সরকারি তোলারাম কলেজ
১৭.		গাজীপুর	ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
১৮.	চট্টগ্রাম	কক্সবাজার	কক্সবাজার সরকারি কলেজ
১৯.		বান্দরবান	বান্দরবান সরকারি কলেজ
২০.		রাঙ্গামাটি	রাঙামাটি সরকারি কলেজ
২১.		খাগড়াছড়ি	খাগড়াছড়ি সরকারি কলেজ
২২.		নোয়াখালী	নোয়াখালী সরকারি কলেজ
২৩.		লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর সরকারি কলেজ
২৪.		ফেনী	ফেনী সরকারি কলেজ
২৫.		চট্টগ্রাম	সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
২৬.		চাঁদপুর	চাঁদপুর সরকারি কলেজ
২৭.		ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ
২৮.		কুমিল্লা	কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
২৯.	রাজশাহী	নবাবগঞ্জ	নবাবগঞ্জ সরকারি কলেজ
৩০.		নাটোর	সরকারি নবাব সিরাজ-উদ-দৌলা (এনএস) কলেজ
৩১.		নওগাঁ	নওগাঁ সরকারি কলেজ
৩২.		রাজশাহী	রাজশাহী সরকারি মহিলা কলেজ
৩৩.		পাবনা	সরকারি এডওয়ার্ড কলেজ
৩৪.		সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সরকারি কলেজ
৩৫.		বগুড়া	সরকারি আজিজুল হক কলেজ
৩৬.		জয়পুরহাট	জয়পুরহাট সরকারি কলেজ
৩৭.	খুলনা	বাগেরহাট	সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি) কলেজ

৩৮.		সাতক্ষীরা	সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ
৩৯.		খুলনা	সরকারি মহিলা কলেজ, বয়রা, খুলনা
৪০.		যশোর	সরকারি মাইকেল মধুসূদন (এম.এম) কলেজ
৪১.		নড়াইল	নড়াইল ভিক্টোরিয়া সরকারি কলেজ
৪২.		ঝিনাইদহ	সরকারি কেশব চন্দ্র (কে.সি) কলেজ
৪৩.		চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সরকারি কলেজ
৪৪.		মেহেরপুর	মেহেরপুর সরকারি কলেজ
৪৫.		মাগুরা	সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ
৪৬.		কুষ্টিয়া	কুষ্টিয়া সরকারি কলেজ
৪৭.	সিলেট	সিলেট	মদন মোহন কলেজ
৪৮.		সুনামগঞ্জ	সুনামগঞ্জ সরকারি কলেজ
৪৯.		হবিগঞ্জ	বৃন্দাবন সরকারি কলেজ
৫০.		মৌলভীবাজার	মৌলভীবাজার সরকারি কলেজ
৫১.	বরিশাল	পিরোজপুর	সরকারি সোহরাওয়ার্দী কলেজ
৫২.		বরগুনা	বরগুনা সরকারি কলেজ
৫৩.		ভোলা	ভোলা সরকারি কলেজ
৫৪.		পটুয়াখালী	পটুয়াখালী সরকারি কলেজ
৫৫.		বরিশাল	সরকারি মহিলা কলেজ, বরিশাল
৫৬.		ঝালকাঠি	ঝালকাঠি সরকারি মহিলা কলেজ
৫৭.	রংপুর	গাইবান্ধা	গাইবান্ধা সরকারি কলেজ
৫৮.		রংপুর	রংপুর সরকারি কলেজ
৫৯.		নীলফামারী	নীলফামারী সরকারি কলেজ
৬০.		লালমনিরহাট	লালমনিরহাট সরকারি কলেজ
৬১.		ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সরকারি কলেজ
৬২.		পঞ্চগড়	সরকারি মকবুলার রহমান কলেজ
৬৩.		দিনাজপুর	দিনাজপুর সরকারি কলেজ
৬৪.		কুড়িগ্রাম	কুড়িগ্রাম সরকারি কলেজ

৩। দেশের নিম্নবর্ণিত ৮টি কলেজে ভেন্যু হিসেবে বিভাগীয় পর্যায়ের আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮ অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রতিযোগীদের ১ম স্থান অধিকারীদের নামের তালিকা প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই নিজ উদ্যোগে ও নিজ ব্যয়ে সংশ্লিষ্ট বিভাগের নির্ধারিত কলেজ কেন্দ্রের অধ্যক্ষ বরাবর প্রেরণ করবেন। এর একটি অনুলিপি সেদিনই ডাকযোগে/বাহক মারফত/e-mail: registrar_nu92@yahoo.com এর মাধ্যমে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এই ঠিকানায় প্রেরণ করবেন।

১।	ঢাকা বিভাগ- তেজগাঁও কলেজ, ফার্মগেট, ঢাকা	২।	চট্টগ্রাম বিভাগ- চট্টগ্রাম কলেজ
৩।	রাজশাহী বিভাগ- রাজশাহী কলেজ	৪।	খুলনা বিভাগ- সরকারি ব্রজলাল (বিএল) কলেজ
৫।	সিলেট বিভাগ- সরকারি মুরারীচাঁদ (এমসি) কলেজ	৬।	বরিশাল বিভাগ- সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ
৭।	রংপুর বিভাগ- সরকারি বেগম রোকেয়া কলেজ	৮।	ময়মনসিংহ বিভাগ- আনন্দ মোহন কলেজ

৪। জেলা ও প্রশাসনিক বিভাগভিত্তিক ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য ব্যয় নির্বাহে সহযোগিতা করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় উল্লিখিত ৬৪টি কলেজ/ভেন্যু এবং ৮টি বিভাগের ৮টি কলেজ/ভেন্যুকে টোকেন হিসেবে কিছু আর্থিক অনুদান প্রদান করবে।

৫। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে। ১ম বর্ষ ডিগ্রী পাস, অনার্স বা মাস্টার্স/অন্যান্য কোর্সে ভর্তি হয়েও কোন ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী অধ্যক্ষের প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে প্রাইভেট রেজিস্ট্রেশনধারী অনিয়মিত কোন ছাত্র-ছাত্রী সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২(দুই)টি ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করেছেন এমন কোন ছাত্র-ছাত্রীকে নিয়মিত হিসেবে গণ্য করা যাবে না।

৬। সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিষয়ভিত্তিক প্রার্থী নির্বাচনের জন্য সর্বাধিক ৩টি বিচারক প্যানেল (উদাহরণস্বরূপ নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতার জন্য ১টি, সকল প্রকার সঙ্গীতের জন্য ১টি, নৃত্যের জন্য ১টি বিচারক প্যানেল) গঠন করা যেতে পারে। প্রতিটি বিচারক প্যানেলে ৩ জন সদস্য থাকবেন। কলেজ অধ্যক্ষ বা তার মনোনীত প্রতিনিধি প্রতিটি বিচারক প্যানেলের আহ্বায়কের দায়িত্ব পালন করবেন। জেলা শিল্পকলা একাডেমি থেকে একজন বিশেষজ্ঞ এবং স্থানীয় বিশেষজ্ঞ শিল্পীদের মধ্য থেকে ১ জন বিচারক প্যানেলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

৭। বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা শেষে **সরকারি সংগীত কলেজ, আগারগাঁও, ঢাকায়** চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। চূড়ান্ত প্রতিযোগিতা ২৪/০৩/২০১৮ তারিখ অনুষ্ঠিত হবে।

৮। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সমাপনী অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে প্রতিটি ইভেন্টে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।

৯। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের পরিচালক স্ব স্ব বিভাগে অনুষ্ঠিতব্য আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের কাজে সম্পৃক্ত থাকবেন।

১০। আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮ আয়োজন ও পরিচালনার ক্ষেত্রে কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বা তার মনোনীত প্রতিনিধি জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

আন্তঃকলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৮

➢ **উল্লেখযোগ্য দিক নিম্নরূপ ঃ**

ক। উপজেলা পর্যায়ে স্ব স্ব কলেজ নিজ উদ্যোগে প্রতিযোগিতা সম্পন্ন করে প্রতি ইভেন্টে ০১ (এক) জন করে প্রতিযোগীর নাম জেলার নির্ধারিত ভেন্যু কলেজে প্রেরণ করবে।

খ। জেলা পর্যায়ে প্রতিযোগিতার মাধ্যমে প্রতি জেলা থেকে প্রতি ইভেন্টে ০১ (এক) জন করে মোট ০৮ (আট) জন প্রতিযোগীর নাম বিভাগীয় পর্যায়ে সংশ্লিষ্ট বিভাগের নির্ধারিত ভেন্যুতে প্রেরণ করবে।

গ। প্রতিটি বিভাগ থেকে প্রতি ইভেন্টে ০১(এক) জন করে মোট ০৮(আট) জন প্রতিযোগীর নাম চূড়ান্ত পর্বের নির্ধারিত ভেন্যুতে (ঢাকা) প্রেরণ করবে।

ঘ। চূড়ান্ত পর্বে অংশগ্রহণ করবে ৮ টি বিভাগ থেকে ৮টি ইভেন্টে মোট ৮×৮ = ৬৪ জন অংশ গ্রহণ করবে।

ঙ। ঢাকা ব্যতীত বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় আঞ্চলিক কেন্দ্রসমূহকে সংযুক্ত করা হবে।